গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

## ভিশন ও মিশন

**ভিশন :** খনিজ সম্পদের উন্নয়ন, নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**মিশন :** খনি ও খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত দেশ গঠন, শিল্পায়ন, টেকসই অবকাঠামো উন্নয়ন/নির্মাণ এবং জ্বালানি নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

## ৩.৩ প্রতিশ্রুত সেবাসমূহ

### ৩.৩.১ নাগরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | অনুসন্ধান লাইসেন্স প্রদান | অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd) বা ম্যানুয়াল পদ্ধতিতে ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর আবেদন অনুমোদনের লক্ষ্যে সরকারের নিকট অগ্রবর্তীকরণের পূর্বে পরিচালক নিজে বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিশেষজ্ঞ/কর্মকর্তার মাধ্যমে অনুসন্ধান লাইসেন্স এর জন্য আবেদনকৃত এলাকা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সরেজমিন তদন্ত করা হয়। অনুমোদনযোগ্য হলে সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন সাপেক্ষে বিধি অনুযায়ী আবেদনকারীর সাথে অনুসন্ধান লাইসেন্স চুক্তি সম্পাদন করে মঞ্জুরি প্রদান করা হয়। | (ক) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র;<br><br>(খ) আবেদন ফরম ক্রয়ের টাকা জমাদানের চালানের মূল কপি (টাকা প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br><br>(গ) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফি প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br><br>(ঘ) ২০০ (দুইশত) হেক্টরের বেশি নয় এরূপ এলাকার জন্য ৫ (পাঁচ) কপি মৌজা ম্যাপ/ স্কেচ প্লান এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তাহলে শুধু জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট /এলজিইডি মানচিত্র (স্কেল- ১:৫০,০০০) হতে প্রস্তুতকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ ম্যাপ;<br><br>(ঙ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল;<br><br>(চ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) | (ক) আবেদন ফরম- ১০০০/- (এক হাজার মাত্র) টাকা;<br><br>(খ) অনুসন্ধান লাইসেন্সের জন্য প্রথম ১০০ (একশত) হেক্টর বা ইহার অংশবিশেষের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা এবং ইহার অতিরিক্ত প্রতি হেক্টর বা ইহার অংশ বিশেষের জন্য ৫০০ (পাঁচশত) টাকা; | ৬০ (ষাট) কার্য দিবস | ১। জনাব মোঃ মামুনুর রশীদ<br>উপপরিচালক (সংযুক্ত)<br>ফোন: +৮৮০২-৪৮৩১৮৮৩৭<br>মোবাইল : ০১৭১২৭৭৯৬২৬<br>E-mail : ddadmin@bomd.gov.bd<br><br>২। জনাব মোঃ মাহফুজুর রহমান<br>উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৪৩৮<br>মোবাইল : ০১৭৩৭-৭৭৭৩০৫<br>E-mail : ddmine@bomd.gov.bd<br><br>৩। মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন:+৮৮০২৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd<br><br>৪। জনাব আজিজুল হক<br>সহকারী পরিচালক (ভূ-রসায়ন) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | কপি পাসপোর্ট সাইজের ছবি;<br><br>(ছ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/ অংশীদারদের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশি কোম্পানির ক্ষেত্রে তাদের কার্যকর পাসপোর্টের প্রামাণিক কপি;<br><br>(জ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি.আই.এন. সনদ;<br>(ঝ) বিদেশি কোম্পানির ক্ষেত্রে ২ (দুই) কপি সংঘ স্মারক ও সংঘ বিধি এবং প্রসপেক্টাস বা অংশীদারি দলিল বা সমমানের যে কোন আইনানুগ প্রমাণপত্র;<br>(ঞ) বিদেশি কোম্পানির ক্ষেত্রে বাংলাদেশে কোম্পানির নিবন্ধনের সনদ। | | | ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৭<br>মোবাইল : ০১৭৪৪৪৯৬৬০৫<br>E-mail : adgeochem@bomd.gov.bd<br><br>৫। জনাব ফারজানা হক<br>সহকারী পরিচালক (খনি প্রকৌশল)<br>মোবাইল: ০১৯৪২-৩৪০২৬২<br>E-mail :<br>admine@bomd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২ | খনি ইজারা প্রদান | অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd) বা ম্যানুয়াল পদ্ধতিতে ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর আবেদন অনুমোদনের জন্য সরকারের নিকট অগ্রবর্তীকরণের পূর্বে পরিচালক নিজে বা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিশেষজ্ঞ/কর্মকর্তার মাধ্যমে খনি ইজারার জন্য আবেদনকৃত এলাকা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সরেজমিন তদন্ত করা হয়। অনুমোদনযোগ্য হলে সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন সাপেক্ষে বিধি অনুযায়ী আবেদনকারীর সাথে অনুসন্ধান লাইসেন্স চুক্তি সম্পাদন করে মঞ্জুরি প্রদান করা হয়। | (ক) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র;<br>(খ) আবেদন ফরম ক্রয়ের টাকা জমাদানের চালানের মূল কপি (টাকা প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(খ) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফি প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(গ) ২০০ (দুইশত) হেক্টরের বেশি নয় এমন এলাকার জন্য ৫ (পাঁচ) কপি মৌজা ম্যাপ/স্কেচ ম্যাপ এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তাহলে শুধু জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট/এলজিইডি মানচিত্র (স্কেল-১:৫০,০০০) হতে প্রস্তুতকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ ম্যাপ;<br>(ঘ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল;<br>(ঙ) অংশীদারি ফার্মের ক্ষেত্রে অংশীদারি দলিলের একটি প্রামাণিক কপি;<br>(চ) সীমিতদায় কোম্পানির ক্ষেত্রে কোম্পানির নিগমিতকরণ/ নিবন্ধন সনদের সত্যায়িত কপিসহ সংঘ স্মারক এবং সংঘ বিধি এবং প্রসপেক্টাস বা সমমানের আইনগত দলিলের দুইটি করে কপি;<br>(ছ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;<br>(জ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/ অংশীদারগণের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশি কোম্পানির ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/অংশীদারগণের | (ক) আবেদন ফরম- ১০০০/- (এক হাজার মাত্র) টাকা;<br>(খ) আবেদন ফি- খনি ইজারার জন্য প্রথম ১০০ (একশত) হেক্টর বা ইহার অংবিশেষের জন্য ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা এবং ইহার অতিরিক্ত প্রতি হেক্টর বা ইহার অংশ বিশেষের জন্য ১,০০০ (এক হাজার) টাকা। | ৬০ (ষাট) কার্য দিবস | জনাব ফারজানা হক<br>সহকারী পরিচালক (খনি প্রকৌশল)<br>মোবাইল: ০১৯৪২-৩৪০২৬২<br>E-mail : admine@bomd.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | হালনাগাদ/কার্যকর পাসপোর্টের প্রামাণিক কপি;<br>(ঝ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি.আই.এন. সনদ;<br>(ঞ) বিদেশি নাগরিক বা বিদেশি কোম্পানির ক্ষেত্রে বাংলাদেশে নিবন্ধনের দালিলিক প্রমাণ।<br><br>খনি ইজারার ক্ষেত্রে উপরোক্ত দলিলপত্র ছাড়াও অতিরিক্ত হিসেবে নিম্নবর্ণিত তথ্যাদি সরবরাহ করতে হয়। যথা :<br>(ক) খনিজ সম্পদ আহরণ এবং পরিচালনার জন্য কারিগরি যোগ্যতাসম্পন্ন ব্যক্তি কর্তৃক প্রস্তুতকৃত একটি পূর্ণাঙ্গ খনি খনন পরিকল্পনা;<br>(খ) খনি খনন পরিকল্পনায় নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে, যথা :<br>(১) খনি বাস্তবায়নকালে নির্বাহিতব্য ব্যয়ের বিবরণ;<br>(২) এলাকার বিস্তারিত ভূতাত্ত্বিক বিবরণসহ খনিজের মজুদ প্রদর্শনপূর্বক ১ (এক) সেন্টিমিটার : ১ (এক) কিলোমিটার স্কেলের মানচিত্র;<br>(৩) অবস্থান, প্রধান মজুদসমূহের বিবরণ এবং ভূপৃষ্ঠস্থ ভূতাত্ত্বিক কাঠামো বা বেসিনের আকার প্রদর্শনপূর্বক মানচিত্র;<br>(৪) সমীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে প্রমাণিত বা সম্ভাব্য মজুদের পরিমাণ;<br>(৫) ন্যূনতম উৎপাদন হার;<br>(৬) ব্যবহার্য যন্ত্রপাতি ও সরঞ্জামসহ খনন পদ্ধতি;<br>(৭) খনি খননের বিভিন্ন স্তরে কারিগরি যোগ্যতা সম্পন্ন জনবলের বিবরণ;<br>(৮) রাস্তাঘাট ও অন্যান্য ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ স্থাপনা। যেমন : গুদাম এবং ল্যাম্প রুম, ওয়ার্কশপ, খনিজ উপযোগীকরণ প্লান্ট, অফিস, আবাসন ও বিনোদন স্থান ইত্যাদির অবস্থান প্রদর্শনপূর্বক মানচিত্র; এবং<br>(৯) খনি খনন পরিকল্পনার বিভিন্ন পর্যায়ের সম্ভাব্য | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ব্যয়।<br>(গ) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২-এর অধীন প্রদেয় রয়্যালটি, বাৎসরিক ফি ও অন্যান্য বকেয়া প্রদান নিশ্চিত করবার জন্য দফা (খ) এর অধীন দাখিলকৃত খনি খনন পরিকল্পনায় উল্লিখিত সম্ভাব্য ব্যয়ের ৩% ব্যাংক গ্যারান্টি; এবং<br>(ঘ) পরিবেশগত ছাড়পত্র (ইসিসি)। | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩(ক) | কোয়ারি ইজারা প্রদান (গেজেটভুক্ত সরকারি খাস খতিয়ানভুক্ত জমি) | সরকারি খাস খতিয়ানভুক্ত সিলিকাবালু, সাধারণ পাথর/বালু মিশ্রিত পাথর কোয়ারিসমূহ ১লা বৈশাখ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে বিধি অনুযায়ী জেলা কমিটি কর্তৃক উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়। দরপত্র জারীর পর অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd) বা ম্যানুয়াল পদ্ধতিতে প্রাপ্ত দরপত্রসমূহ ইজারা সংক্রান্ত জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই শেষে সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সুপারিশ ব্যুরোতে প্রেরণ করে। ব্যুরো কর্তৃক উক্ত সুপারিশ সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তথা সরকার বরাবর প্রেরণ করা হয়। সরকার কর্তৃক অনুমোদিত হলে সর্বোচ্চ দরদাতাকে সম্পূর্ণ ইজারামূল্য, ইজারামূল্যের উপর ভ্যাট ও আয়কর এবং বিধি মোতাবেক নিরাপত্তা জামানতের অর্থ ১৫ (পনেরো) দিনের মধ্যে ব্যুরোর নির্দিষ্ট কোডে জমা দেয়ার জন্য পত্র প্রেরণ করা হয়। সর্বোচ্চ দরদাতার নিকট হতে সম্পূর্ণ ইজারামূল্য ও অন্যান্য নির্ধারিত পাওনাদি অগ্রিম প্রাপ্তি সাপেক্ষে ইজারাগ্রহীতার সাথে বিধি অনুযায়ী কোয়ারি ইজারাচুক্তি সম্পাদন করে ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ প্রদান করা হয়। | (ক) দরপত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় সকল কাগজপত্র;<br>(খ) দরপত্র বিজ্ঞপ্তির কপি, কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা কমিটির সুপারিশ। | দরপত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী | সরকারের অনুমোদন প্রাপ্তির পর ১৫ কার্য দিবস | ১। জনাব মোঃ মাহফুজুর রহমান<br>উপপরিচালক (খনি ও খনিজ)<br>(চলতি দায়িত্ব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৪৩৮<br>মোবাইল : ০১৭৩৭-৭৭৭৩০৫<br>E-mail : ddmine@bomd.gov.bd<br><br>২। জনাব আজিজুল হক<br>সহকারী পরিচালক (ভূ-রসায়ন)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৭<br>মোবাইল : ০১৭৪৪৪৯৬৬০৫<br>E-mail : adgeochem@bomd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩(খ) | কোয়ারি ইজারা প্রদান (ব্যক্তি মালিকানাধীন ভূমি) | অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd) বা ম্যানুয়াল পদ্ধতিতে ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র বিধি মোতাবেক যথার্থ কিনা তা যাচাই-বাছাই করে যথার্থ হলে বিধি মোতাবেক মূল্য নির্ধারণের লক্ষ্যে জিএসবি এবং স্থানীয় প্রশাসনের প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রতিনিধি মনোনয়ন পাওয়ার পর বিএমডি, জিএসবি এবং স্থানীয় প্রশাসনের প্রতিনিধি সমন্বয়ে আবেদনকৃত এলাকা সরেজমিন পরিদর্শন করে জমির মালিকানা, ধরণ ইত্যাদি যাচাই-বাছাই এবং স্থানীয় বাজার দর মোতাবেক কোয়ারি ইজারামূল্য নির্ধারণ করা হয়। অতঃপর সকল কাগজপত্রসহ ধার্যকৃত মূল্যে ইজারা প্রদানের লক্ষ্যে অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তথা সরকার বরাবর প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারীর নিকট হতে সম্পূর্ণ ইজারামূল্য, নিরাপত্তা জামানত ও অন্যান্য নির্ধারিত সরকারি পাওনাদি অগ্রিম প্রাপ্তি | (ক)যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র;<br>(খ) আবেদন ফরম ক্রয়ের টাকা জমাদানের চালানের মূল কপি (টাকা প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(গ) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফি প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(ঘ) ২০০ (দুইশত) হেক্টরের বেশী নয় এমন এলাকার জন্য ৫ (পাঁচ)কপি মৌজা ম্যাপ/স্কেচ প্লান এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তা হলে শুধু জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট/এলজিইডি মানচিত্র (স্কেল-১:৫০,০০০) হতে প্রস্তুতকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ ম্যাপ;<br>(ঙ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল;<br>(চ) অংশীদারি ফার্মের ক্ষেত্রে অংশীদারি দলিলের একটি প্রামানিক কপি:<br>(ছ)সীমিতদায় কোম্পানির ক্ষেত্রে কোম্পানির নিগমিতকরণ/ নিবন্ধন সনদের একটি সত্যায়িত কপিসহ সংঘ স্মারক এবং সংঘবিধি এবং প্রসপেক্টাস বা সমমানের আইনগত দলিলের দুইটি করে কপি।<br>(জ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ | (ক) আবেদন ফরম- ১০০০/- (এক হাজার মাত্র);<br>(খ) আবেদন ফি- কোয়ারি ইজারার জন্য প্রথম ৩০ (ত্রিশ) হেক্টর বা ইহার অংশ বিশেষের জন্য ২০,০০০ (বিশ হাজার) টাকা এবং ইহার অতিরিক্ত প্রতি হেক্টর বা ইহার অংশবিশেষের জন্য ৫০০ (পাঁচশত) টাকা; | ৬০ কার্য দিবস | ১। জনাব মোঃ মাহফুজুর রহমান<br>উপপরিচালক (খনি ও খনিজ)<br>(চলতি দায়িত্ব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৪৩৮<br>মোবাইল : ০১৭৩৭-৭৭৭৩০৫<br>E-mail : ddmine@bomd.gov.bd<br><br>২। জনাব আজিজুল হক<br>সহকারী পরিচালক (ভূ-রসায়ন)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৭<br>মোবাইল : ০১৭৪৪৯৬৬০৫<br>E-mail : adgeochem@bomd.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সাপেক্ষে আবেদনকারীর সাথে বিধি অনুযায়ী কোয়ারি ইজারা চুক্তি সম্পাদন করে আবেদনকারীর অনুকূলে ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ প্রদান করা হয়। | পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;<br>(ঝ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশি কোম্পানির ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/অংশীদারগণের হালনাগাদ/ কার্যকর পাসপোর্টের প্রামাণিক কপি;<br>(ঞ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি,আই,এন সনদ;<br>(ট) বিদেশি নাগরিক বা বিদেশি কোম্পানির ক্ষেত্রে বাংলাদেশে নিবন্ধনের দালিলিক প্রমাণ;<br>(ঠ) ব্যুরোর তালিকাভুক্ত একজন পরামর্শক ভূতত্ত্ববিদ কর্তৃক প্রদত্ত ৩ (তিন) কপি ভূতাত্ত্বিক প্রতিবেদন। | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র<br><br>এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩(গ) | সাদামাটি কোয়ারি ইজারা প্রদান | গেজেটে প্রকাশিত খাস খতিয়ানভুক্ত জমিতে সাদামাটি কোয়ারি ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে (প্রাপ্তির লিংক- http://esheba.bomd.gov.bd) বা ম্যানুয়াল পদ্ধতিতে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহবান করে বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারী করা হয়। বিজ্ঞপ্তি প্রকাশের পরই এর কপি সংশিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়। মনিটরিং কমিটি কর্তৃক গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে গ্রহণযোগ্য আবেদনপত্রসমূহের তালিকা প্রস্তুত করা হয়। অতঃপর আবেদনকৃত কোয়ারি সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট বিষয়সমূহ যাচাই-বাছাই করে এলাকা চিহ্নিত করে এলাকার চতুঃসীমা নির্ধারণক্রমে মনিটরিং কমিটি ইজারার বিষয়ে সুস্পষ্ট মতামত/ সুপারিশ সম্বলিত প্রতিবেদন বিএমডি বরাবর দাখিল করে। মনিটরিং কমিটির সুপারিশের আলোকে সরকারের অনুমোদনক্রমে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী ইজারা প্রদান করা হয়। ব্যক্তি মালিকানাধীন জমিতে সাদামাটি পাওয়া গেলে জমির মালিক সাদামাটি ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হলে জমির মালিক বা মালিকের নিকট থেকে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে তাঁর অনুকূলে কোয়ারি ইজারা মঞ্জুর করা করা হয়। | (ক) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র;<br>(খ) আবেদন ফরম ক্রয়ের ১০০০/- (এক হাজার) টাকা জমাদানের চালানের মূল কপি (টাকা প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(গ) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফি প্রদানের কোড নম্বর- ১/৪২৪১/০০০০/২৬৮১);<br>(ঘ) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি;<br>(ঙ) ব্যাংক সলভেন্সি সনদের সত্যায়িত কপি;<br>(চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;<br>(ছ) টিআইএন এর সত্যায়িত কপি;<br>(জ) মৌজা ম্যাপ ৩ (তিন) কপি;<br>(ঝ) টপোগ্রাফিক্যাল ম্যাপ ৩ (তিন) কপি;<br>(ঞ) ভূ-তাত্ত্বিক প্রতিবেদন ৩ (তিন) কপি;<br>(ট) ব্যক্তি মালিকানাধীন জমির ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর প্রত্যয়নপত্র;<br>(ঠ) নামজারীর সত্যায়িত কপিসহ জমির মালিকানার প্রমাণপত্র (ব্যক্তি মালিকানাধীন জমির ক্ষেত্রে)।<br><br>* আবেদনকারীকে চূড়ান্ত ইজারা মঞ্জুরিপত্র প্রাপ্তির পূর্বে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করে তা বিএমডিতে দাখিল করতে হয়। অন্যথায় আবেদনকারীর অনুকূলে কোনক্রমে চূড়ান্ত ইজারা মঞ্জুরিপত্র প্রদান করা হয় না। | (ক)আবেদন ফরম- ১০০০/- (এক হাজার) টাকা;<br>(খ) কোয়ারি ইজারার জন্য প্রথম ৩০ (ত্রিশ) হেক্টর বা ইহার অংশ বিশেষের জন্য ২০,০০০ (বিশ হাজার) টাকা এবং ইহার অতিরিক্ত প্রতি হেক্টর বা ইহার অংশবিশেষের জন্য ৫০০ (পাঁচশত) টাকা। | ৬০ কার্যদিবস | জনাব মোঃ মামুনুর রশীদ<br>উপপরিচালক (সংযুক্ত)<br>ফোন: +৮৮০২-৪৮৩১৮৮৩৭<br>মোবাইল : ০১৭১২৭৭৯৬২৬<br>E-mail : ddadmin@bomd.gov.bd |

## ৩.৩.২ প্রাতিষ্ঠানিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **১** | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা অনুমোদনের জন্য সরকারের নিকট প্রস্তাব প্রেরণ | ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা করে এবং প্রয়োজনীয় আনুষঙ্গিক কার্যাদি সম্পাদন করে অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। | প্রয়োজনীয় সংযুক্তিসহ ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন | **বিনামূল্যে** | ১৫ কার্য দিবস | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |
| **২** | দেশের বিভিন্ন জেলায় প্রাপ্ত সিলিকা বালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারি ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহ্বান এবং ইজারা অনুমোদন প্রস্তাব সরকারের নিকট প্রেরণ | সিলিকা বালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারি ইজারা প্রদানের লক্ষ্যে গঠিত জেলা কমিটি কর্তৃক উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই করে জেলা কমিটি কর্তৃক সুপারিশসহ ব্যুরোতে প্রেরণ করার পর কোয়ারি ইজারা অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। | (ক) দরপত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় সকল কাগজপত্র;<br>(খ) দরপত্র বিজ্ঞপ্তির কপি, কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা কমিটির সুপারিশ। | **বিনামূল্যে** | জেলা কমিটির সুপারিশ পাওয়ার পর ১৫ কার্য দিবস | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩ | কোয়ারি ইজারামূল্য নির্ধারণ | ব্যুরো, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধিগণ কর্তৃক যৌথভাবে নির্ধারণ করা হয়। | বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্র। | **বিনামূল্যে** | প্রতিনিধি মনোনয়ন পাওয়ার পর ১৫ কার্য দিবস | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |
| ৪ | সিলিকা বালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারি ইজারা প্রদানের লক্ষ্যে গঠিত জেলা কমিটিকে নির্দেশনা প্রদান | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, সভা আয়োজন ইত্যাদি বিষয়ে সময়ে সময়ে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী এবং জেলা কমিটির চাহিদা মোতাবেক। | **বিনামূল্যে** | ১৫ কার্য দিবস | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |
| ৫ | খনিজ সংক্রান্ত আইন ও বিধি-বিধান প্রণয়ন ও সংশোধনে পরামর্শ প্রদান | সময়ে সময়ে সরকারের জারীকৃত নির্দেশনা অনুযায়ী তথ্য/ উপাত্ত প্রেরণ করা হয়। | বিদ্যমান আইন, বিধি-বিধান এবং প্রয়োজনীয় কাগজপত্র। | **বিনামূল্যে** | প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির পর ১৫ কার্য দিবস | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |
| ৬ | খনিজ পদার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন | খনিজ পদার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহের আদেশ বাস্তবায়ন, সময়মত দফাওয়ারী জবাব প্রেরণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে আপিল | রুলের সার্টিফাইড কপি, আরজির কপি, প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের নির্দেশনা। | **বিনামূল্যে** | প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির ০৭ কার্য | জনাব মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | আদালতে দায়েরকৃত মামলা সংক্রান্ত | দায়েরকরণের বিষয়ে সলিসিটর উইংকে তথ্যাদি প্রেরণ। | | | দিবস বা প্রয়োজনীয় ক্ষেত্রে আদালতের নির্দেশনা অনুযায়ী। | সচিব)<br>ফোন : +৮৮০২-৮৩৯১৫৬৭<br>মোবাইল : ০১৭৯৫-৩৩৪৬০৩<br>E-mail : dg@bomd.gov.bd |

### ৩.৩.৩ অভ্যন্তরীণ সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | কর্মচারীদের পদোন্নতি প্রদান | আবেদন পাওয়ার পর সরকার নির্ধারিত কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটির সুপারিশের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মঞ্জুরি আদেশ জারি করা হয়। | **পদোন্নতি**<br>ক) সাদা কাগজে আবেদনপত্র;<br>খ) নিয়োগপত্র;<br>গ) যোগদান পত্র;<br>ঘ) নিয়োগবিধি;<br>ঙ) এসিআর;<br>চ) মামলা নাই মর্মে প্রত্যয়নপত্র। | বিনামূল্যে | বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের পর ০৭ (সাত)কার্য দিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |
| ২ | কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটিসহ ভাতা প্রদান | সি.এ.ও. এর প্রত্যয়ন এবং আবেদন সাপেক্ষে 'শ্রান্তি ও বিনোদনভাতা বিধিমালা, ১৯৭৯' অনুযায়ী । | **ছুটিসহ শ্রান্তি ও বিনোদন ভাতা :**<br>ক) আবেদনপত্র;<br>খ) নির্ধারিক ফরমে (বাংলাদেশ ফরম নং-২৩৯৫) চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদ (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে); প্রাপ্তিস্থান : চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়;<br>গ)পূর্বের ছুটি ভোগের প্রমাণক বা নতুন যোগদানের ক্ষেত্রে যোগদানপত্রের পৃষ্ঠাংকনকৃত পত্রের ফটোকাপি। | বিনামূল্যে | আনুষঙ্গিক তথ্যাদি প্রাপ্তির পর ০৭ (সাত)কার্য দিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |
| ৩ | কর্মকর্তা/ কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন | ৬০ (ষাট) ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত<br>খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো | সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি ও ভাতা প্রদান করা হয়। | নির্ধারিত সময়ে | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | ৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |
| ৪ | ডিজিটাল পদ্ধতিতে কর্মকর্তা/ কর্মচারীদের এসিআর তথ্য সংরক্ষণ | প্রযোজ্য নয়<br>(অনলাইন) | আইসিটি কর্মকর্তা/সুপার এডমিন | বিনামূল্যে | ০১ কার্যদিবস | জনাব আজিজুল হক<br>সহকারী পরিচালক (ভূ-রসায়ন)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৭<br>মোবাইল : ০১৭৮৮৪৯৬৬০৫<br>E-mail : adgeochem@bomd.gov.bd |
| ৫ | বিএমডির ওয়েবসাইট হালনাগাদকরণ | সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তা হতে প্রাপ্ত নোটিশ/প্রজ্ঞাপন/বিজ্ঞপ্তি/জি.ও/আইন/বিধি/নীতিমালা/প্রকাশনা/ছবি/ভিডিও/বাজেট/ক্রয় পরিকল্পনার তথ্য ওয়েবসাইটে প্রকাশ | সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তা হতে প্রাপ্ত নোটিশ/প্রজ্ঞাপন/বিজ্ঞপ্তি/জি.ও/আইন/বিধি/নীতিমালা/প্রকাশনা/ছবি/ভিডিও/বাজেট/ক্রয় পরিকল্পনা | বিনামূল্যে | অবিলম্বে | জনাব আজিজুল হক<br>সহকারী পরিচালক (ভূ-রসায়ন)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৭<br>মোবাইল : ০১৭৮৮৪৯৬৬০৫<br>E-mail : adgeochem@bomd.gov.bd |
| ৬ | পাসপোর্টের জন্য অনাপত্তি (NOC) সনদ প্রদান | আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে পাসপোর্ট ইস্যুর লক্ষ্যে অনাপত্তি (NOC) সনদ প্রদান করা হয়ে থাকে | ১। সাদা কাগজে আবেদন,<br>২। নির্ধারিত NOC ফরম | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | adgeo@bomd.gov.bd |
| ৭ | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকুরি নিয়মিতকরণ/স্থায়ীকরণ | আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অফিস আদেশ জারি করা হয় | **চাকুরি নিয়মিতকরণ/স্থায়ীকরণ**<br>ক) আবেদনপত্র;<br>খ) নিয়োগপত্র;<br>গ) যোগদানপত্র;<br>ঘ) নিয়োগবিধি। | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |
| ৮ | কল্যাণ তহবিল থেকে কর্মকর্তা কর্মচারীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক কল্যাণ তহবিল হতে চিকিৎসার জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে | ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র<br>২। বেতনের পে-স্লিপ<br>৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>৫। ব্যাংক হিসাব নম্বরের ফটোকপি | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |
| ৯ | কর্মকর্তাদের আবাসিক ও দাপ্তরিক টেলিফোন সংযোগ প্রদানের ব্যবস্থা | প্রাপ্যতা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সংযোগ প্রদান করা হয় | আবেদনপত্র/চাহিদাপত্র<br>অথবা<br>"সমন্বিত টেলিফোন নীতিমালা-২০০৪" এর নির্ধারিত ছকে আবেদন | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | E-mail : adgeo@bomd.gov.bd |
| ১০ | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী সরকারি আদেশ জারি করা হয়। | ক) নির্ধারিত ফরমে আবেদন; খ) সাধারণ ভবিষ্য তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণী | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কার্যদিবস | মোসাঃ মাহবুবা খাতুন<br>সহকারী পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : +৮৮০২-৫৫১৩০৬০৮<br>মোবাইল : ০১৭২২-৬২০০৪১<br>E-mail : adgeo@bomd.gov.bd |

**৩.৩.৪ আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা : প্রযোজ্য নয়।**

**৩.৪ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্র. নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | পরিচালক<br>ফোন : +৮৮০২-২২২২২৬১৯৪<br>E-mail : director@bomd.gov.bd | ৩০ (ত্রিশ) কার্যদিবস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | মোহাম্মদ ইলিয়াস হোসেন<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ফোন : +৮৮০২-২২৩৩৯০১৮৯ | ২০ (বিশ) কার্যদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫ নং গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>web : www.grs.gov.bd | ৬০ (ষাট) কার্যদিবস |

**৩.৫ আপনার (সেবা গ্রহীতার) কাছে আমাদের (খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর) প্রত্যাশা**

| ক্র নং | প্রতিশ্রুতি/কাঙ্খিত সেবা প্রাপ্তির ক্ষেত্রে করণীয় |
|---|---|
| ১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২ | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩ | প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল মেসেজ/ই-মেইলের নির্দেশনা অনুসরণ করা |
| ৪ | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ৫ | অনাবশ্যক ফোন/তদবির না করা |

**সমাপ্ত**